**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 11.07.2026** **Time: 1-30 PM**

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১/ ভারত ও নিউজিল্যান্ড, তাদের মধ্যে কৌশলগত অংশীদারীত্ব আরও মজবুত ও বার্ষিক দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ আগামী ৫ বছরে দ্বিগুণ করার লক্ষ্যমাত্রা স্থির করেছে।

২/ প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেছেন, প্রযুক্তির ক্রমাগত উন্নতির মাধ্যমে আগামীদিনে ভারত আরও শক্তিশালী ও আত্মনির্ভরশীল প্রতিরক্ষা বাহিনী গড়ে তুলবে।

৩/ কেন্দ্রীয় সড়ক পরিবহন মন্ত্রী নীতিন গড়করি বিকল্প জৈব জ্বালানি এবং দূষণমুক্ত প্রযুক্তি গ্রহণের মাধ্যমে উন্নত পরিবহন ব্যবস্থা গড়ে তোলার আহ্বান জানিয়েছেন।

৪/ অভিন্ন দেওয়ানি বিধি সংক্রান্ত খসড়া বিল পর্যালোচনায় নয় সদস্যের কমিটি গঠনের বিজ্ঞপ্তি জারি করেছে পশ্চিমবঙ্গ সরকার।

৫/ হরমুজ প্রণালীতে বাণিজ্যিক জাহাজের ওপর তেহরানের সাম্প্রতিক হামলার জবাবে, মার্কিন প্রশাসন আজ ইরানের ওপর নতুন করে নিষেধাজ্ঞা আরোপ করেছে।

৬/ বিশ্বকাপ ফু□বলে, বেলজিয়ামকে ২-১ গোলে হারিয়ে সেমিফাইনালে স্পেন। তৃতীয় কোয়া□ার ফাইনালে আজ ইংল্যান্ড–নরওয়ে মুখোমুখি।

**************************************************************************

ভারত ও নিউজিল্যান্ড, তাদের মধ্যে কৌশলগত অংশীদারীত্ব আরো মজবুত করে তুলতে এবং বার্ষিক দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ আগামী পাঁচ বছরে দ্বিগুণ করার লক্ষ্যমাত্রা স্থির করেছে। অকল্যান্ডে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লুক্সনের সঙ্গে বৈঠকের পর এক যৌথ বিবৃতিতে জানানো হয়েছে, দুই দেশ ২০৩০ সালের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ ৩৫ হাজার কোটি □াকায় নিয়ে যাবে। বৈঠকে বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত হয়েছে। এরমধ্যে উল্লেখযোগ্য হলো, আগামী ৪ বছরে ভারত প্রশান্ত মহাসাগিরীয় অঞ্চলে সামুদ্রিক সহযোগিতা বাড়াতে রূপরেখা গড়ে তোলা এবং ভারতীয় নৌ বাহিনী ও নিউজিল্যান্ড প্রতিরক্ষা বাহিনীর মধ্যে লজিস্টিকাল সহায়তা বিনিময়। উভয় নেতা মুক্ত অবাধ ও বিকাশশীল ভারত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের লক্ষ্যে নিজেদের দায়বদ্ধতার কথা উল্লেখ করেছেন। এজন্য

সামুদ্রিক নিরাপত্তা আলোচনা শুরু করার প্রস্তাব দেওয়া হয়েছে। নীতি নির্ভর আন্তর্জাতিক সীমান্ত, আঞ্চলিক অখণ্ডতা ও সার্বভৌমত্ব অক্ষুণ্ণ রাখার পক্ষেও সওয়াল করেছেন তাঁরা।

*********************************************************************

ভারত ও নিউজিল্যান্ড, প্রতিরক্ষা, দুগ্ধ ও পশুপালন, পর্য□ন, ক্রীড়া এবং বিপর্যয় মোকাবিলা ক্ষেত্রে পাঁচটি গুরুত্বপূর্ণ সমঝোতা স্মারকপত্র মৌ স্বাক্ষর করেছে। অকল্যান্ডে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং সেদেশের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লুক্সনের মধ্যে প্রতিনিধি পর্যায়ের বৈঠকের পর চুক্তিগুলি স্বাক্ষরিত হয়।

প্রতিরক্ষা ক্ষেত্রে দুদেশের মধ্যে সামরিক সহযোগিতা এবং কৌশলগত অংশীদারীত্ব বৃদ্ধি ও ভারত প্রশান্ত মহাসাগরীয় এলাকায় নিরাপত্তা বাড়াতে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। দুগ্ধ ও পশুপালন সংক্রান্ত এই চুক্তি সংশ্লিষ্ট ক্ষেত্রে গবেষণা, উদ্ভাবন এবং সর্বোত্তম পশুপালন পদ্ধতি বিনিময়ে সহায়ক হবে। পর্য□ন সংক্রান্ত চুক্তি দু দেশের মধ্যে পর্য□ন ক্ষেত্রে সহযোগিতা বাড়িয়ে তুলবে। ক্রীড়া উন্নয়ন ও খেলোয়াড়দের সহায়তায় দু পক্ষ একটি যৌথ কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। বিপর্যয় মোকাবিলা, জরুরী তৎপরতা এবং প্রস্তুতি বাড়াতে স্বাক্ষরিত হয়েছে আরো একটি চুক্তি।

*********************************************************************

ভারত ও নিউজিল্যান্ড, প্রতিরক্ষা, দুগ্ধ ও পশুপালন, পর্য□ন, ক্রীড়া এবং বিপর্যয় মোকাবিলা ক্ষেত্রে ৫ টি গুরুত্বপূর্ণ সমঝোতা স্মারকপত্র মৌ স্বাক্ষর করেছে। অকল্যান্ডে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং সেদেশের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লুক্সনের মধ্যে প্রতিনিধি পর্যায়ের বৈঠকের পর চুক্তিগুলি স্বাক্ষরিত হয়।

*********************************************************************

দ্বিপাক্ষিক বৈঠকের আগে তাঁর ভাষণে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, তাঁর এই সফর দ্বিপাক্ষিক সম্পর্কের জন্য এক ঐতিহাসিক মাইলফলক হয়ে উঠবে। দু দেশের সম্পর্ককে নতুন গতিও প্রদান করবে এই সফর। সফরকালে উষ্ণ অভ্যর্থনা ও সমাদরের জন্য শ্রী মোদী, নিউজিল্যান্ডের নেতৃত্ব ও সেদেশের অধিবাসীদের ধন্যবাদ জানান। অতি অল্প সময়ে মুক্ত বাণিজ্য চুক্তির কাজ শেষ করার জন্য তিনি নিউজিল্যান্ডের প্রচেষ্টাকে কুর্নিশ জানিয়েছেন। এ জন্য প্রধানমন্ত্রী লুক্সন ও তাঁর সরকারের প্রশংসাও করেন তিনি।

শ্রী মোদী বলেন, ভবিষ্যৎ সহযোগিতাকে এগিয়ে নিয়ে যেতে কৌশলগত অংশীদারীত্ব স্থাপনের জন্য দুই দেশ এক উল্লেখযোগ্য পদক্ষেপ নিয়েছে। দু দেশের মধ্যে অভিন্ন গণতান্ত্রিক মূল্যবোধ ও সামুদ্রিক সম্পর্কের কথা উল্লেখ করে শ্রী মোদী বলেন, ভারত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে শান্তি ও সুস্থিতি বজায় রাখতে দুই দেশ এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

( বাই□-মোদী ইন্দো প্যাসেফিক)

*********************************************************************

নিউজিল্যান্ডে প্রধানমন্ত্রী শ্রী মোদীর সফরকে কেন্দ্র করে অকল্যান্ডে এক সাংবাদিক সম্মেলনে বিদেশ মন্ত্রকের পূর্ব বিষয়ক সচিব রুদ্রেন্দ্র □্যান্ডন বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী "ভারত-নিউজিল্যান্ড কৌশলগত

অংশীদার: ২০৩০ এর পথ নির্দেশিকা" অনুমোদন করেছেন। এর মাধ্যমে আগামী চার বছরে যৌথভাবে কাজ করার রূপরেখা নির্ধারিত হবে। তিনি বলেন, এই সিদ্ধান্তে দ্বিপাক্ষিক সম্পর্ক এক নতুন পর্যায়ে পৌঁছবে। একই সঙ্গে বর্তমানে দুদেশের মধ্যে দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক সহযোগিতা আরও গভীর হবে।

( বাই□- রুদ্রেন্দ্র □্যান্ডন MEA )

***********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আর কিছুক্ষণের মধ্যেই স্পার্ক এরিনায় পৌঁচ্ছেছেন। ইতিমধ্যেই ১০হাজার ভারতীয় অনুষ্ঠানে যোগ দিয়েছেন। গো□া নিউজিল্যান্ড থেকে ভারতীয়রা এই বিশেষ অনুষ্ঠানে যোগ দিতে উপস্থিত হয়েছেন।

***********************************************************************

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেছেন, প্রথাগত প্রতিরক্ষা সক্ষমতা এবং প্রযুক্তির উন্নতির মাধ্যমে ভারত একটি শক্তিশালী, আত্মনির্ভরশীল ও ভবিষ্যৎমুখী প্রতিরক্ষা বাহিনী গড়ে তুলছে। তিনি বলেন, ভবিষ্যতের যুদ্ধে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স বা কৃত্রিম বুদ্ধিমত্তা এবং অন্যান্য উদীয়মান প্রযুক্তির ব্যবহার হতে পারে, তবে শেষ পর্যন্ত জাতীয় সংকল্প, সাহসী সৈনিক এবং সক্ষম সামরিক শক্তির জোরেই সেই যুদ্ধে জয় আসবে। প্রযুক্তি এবং প্রথাগত সামরিক শক্তি একে অপরের পরিপূরক, এবং 'আত্মনির্ভর ভারত'-এর লক্ষ্যে দেশ উভয় ক্ষেত্রেই শ্রেষ্ঠত্ব অর্জনে প্রতিশ্রুতিবদ্ধ। বিশাখাপত্তনমে ইস্টার্ন ফ্লি□ 'প্রজেক্ট 17A' -এর আওতাধীন ষষ্ঠ দেশীয় স্টিলথ ফ্রিগে□ 'আইএনএস মহেন্দ্রগিরি'-র কমিশনিং বা নৌবাহিনীতে অন্তর্ভুক্তিকরণ অনুষ্ঠানে বক্তব্য রাখার সময় প্রতিরক্ষামন্ত্রী এ কথা বলেন।

তিনি বলেন, এই যুদ্ধজাহাজটির অন্তর্ভুক্তি ভারতের সামুদ্রিক শক্তি ও দেশীয় প্রতিরক্ষা সক্ষমতা বৃদ্ধির ক্ষেত্রে আরও একটি মাইলফলক।

***********************************************************************

নীতি আয়োগ, ভারতের পারমাণবিক শক্তি কাঠামোর সামগ্রিক সংস্কারমূলক উদ্যোগ 'সাস□ইনেবল হার্নেসিং অ্যান্ড অ্যাডভান্সমেন্ট অফ নিউক্লিয়ার এনার্জি ফর ট্রান্সফর্মিং ইন্ডিয়া' বা শান্তি আইন, ২০২৫-এর বাস্তবায়ন বিষয়ে সংশ্লিষ্ট অংশীদারদের নিয়ে গতকাল একটি আলোচনাসভার আয়োজন করে। নতুনদিল্লিতে অনুষ্ঠিত এই সভায় সরকার, গবেষণা প্রতিষ্ঠান এবং শিল্পক্ষেত্রের শীর্ষস্থানীয় নেতৃবৃন্দ, নীতিনির্ধারক ও বিশেষজ্ঞরা একত্রিত হয়ে এই যুগান্তকারী আইনের কার্যপদ্ধতি বা পরিচালন কাঠামো নিয়ে আলোচনা করেন। আইন সংক্রান্ত ও নিয়ন্ত্রণমূলক কাঠামো, অর্থায়ন, বিমা ও জনমত এবং উৎপাদন, পরিচালনা ও সক্ষমতা বৃদ্ধি নিয়ে তাঁদের মধ্যে কথা হয়।

***********************************************************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ যুব সমাজকে, গ্রন্থাগারমুখী হওয়ার আবেদন জানিয়েছেন। নতুন দিল্লিতে আজ জয়প্রকাশ নারায়ণ পাবলিক লাইব্রেরির উদ্বোধন করে শ্রী শাহ বলেন, লোকনায়ক জয় প্রকাশ নারায়ণ ছিলেন, স্বাধীনতা সংগ্রামী, বিশিষ্ট চিন্তাবিদ এবং জাতীয় নেতা। দেশ গঠনে তাঁর অবদান ভোলার নয়। শ্রী শাহ বই পড়ার উপর জোর দিয়ে বলেন, দেশ এবং দেশের মানুষকে জানতে বই পড়া অত্যন্ত প্রয়োজন। দেশ গঠনে গ্রন্থাগারের গুরুত্ব তুলে ধরে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, দেশের সংস্কৃতি,জনগণ এবং আধুনিক শিক্ষা গ্রন্থাগারের মাধ্যমে জানা সম্ভব।

( বাই□- অমিত শাহ )

শ্রীশাহ বলেন, সরকার ছাত্র-ছাত্রীদের মধ্যে গ্রন্থাগারের গুরুত্ব তুলে ধরার সব রকম প্রচেষ্টা চালাচ্ছে। বিদ্যালয়গুলির সঙ্গে লাইব্রেরির সংযোগ স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে বলে তিনি জানান।

*********************************************************************

কেন্দ্রীয় সড়ক পরিবহন মন্ত্রী নীতিন গড়কড়ি আজ মহারাষ্ট্রের নাগপুরে অনুষ্ঠিত তৃতীয় ব্রিকস (BRICS) পরিবহন মন্ত্রীদের বৈঠকে সভাপতিত্ব করেছেন। বৈঠক শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে শ্রী গড়কড়ি জানান, বিকল্প জৈব জ্বালানি এবং দূষণমুক্ত প্রযুক্তি গ্রহণের মাধ্যমে সড়ক, রেল, বিমান ও নৌপরিবহন ক্ষেত্রে কীভাবে কার্বন-নিরপেক্ষ পরিবহন ব্যবস্থা গড়ে তোলা যায়, তা নিয়ে প্রতিনিধিরা আলোচনা করেছেন। তিনি বলেন, আরও বেশি স্থিতিস্থাপক ও □কসই পরিবহন ক্ষেত্র গড়ে তোলার লক্ষ্যে ব্রিকস সদস্য দেশগুলির মধ্যে সহযোগিতা জোরদার করতে আধুনিক প্রযুক্তি বিনিময় করা হচ্ছে। এই সহযোগিতা আরও সুদৃঢ় করতে এই বৈঠকে 'BRICS Ministerial Declaration 2026'-ও গৃহীত হয়েছে।

এই বৈঠকে ব্রাজিল, চীন, মিশর, ইন্দোনেশিয়া, ইরান, রাশিয়া, সৌদি আরব, দক্ষিণ আফ্রিকা, ইথিওপিয়া এবং সংযুক্ত আরব আমিরশাহির পরিবহন মন্ত্রীরাও নিজ নিজ বক্তব্য পেশ করেন।

*********************************************************************

পশ্চিমবঙ্গে, অভিন্ন দেওয়ানি বিধির সংস্থান সম্বলিত খসড়া বিল পর্যালোচনায় কমিটি গঠন করেছে পশ্চিমবঙ্গ সরকার। ৯ সদস্যের এই বিশেষজ্ঞ কমিটির চেয়ারপার্সন সুপ্রিম কো□র অবসরপ্রাপ্ত বিচারপতি রঞ্জনা প্রকাশ দেশাই। এছাড়া সদস্য হিসেবে রয়েছেন, মেঘালয়ের প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়, আই এ এস দুষ্মন্ত নারিয়ালা, রাজ্যের স্বরাষ্ট্রসচিব শঙ্খমিত্রা ঘোষ, অবসরপ্রাপ্ত আই এ এস শত্রুঘ্ন সিং প্রমুখ। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ বারুইপুরে এ-কথা জানান।

*********************************************************************

হরমুজ প্রণালীতে বাণিজ্যিক জাহাজের ওপর তেহরানের সাম্প্রতিক হামলার জবাবে, মার্কিন প্রশাসন আজ ইরানের ওপর নতুন করে নিষেধাজ্ঞা আরোপ করেছে। মার্কিন অর্থ মন্ত্রক জানিয়েছে, ইরানের অর্থ সহায়তাকারী আলি আনসারির ওপর নিষেধাজ্ঞা আনা হয়েছে। ব্রি□ন এর আগেই আনসারির ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছিল।

**********************************************************************

জোড়া ভূমিকম্পে বিধ্বস্ত ভেনেজুয়েলায় মৃতের সংখ্যা চার হাজার ছাড়িয়েছে। সেদেশের সংসদীয় প্রধান জর্জ রডরিগেজ সামাজিক  মাধ্যমে এক পোষ্টে জানিয়েছেন, গত ২৪ শে জুন ৭ দশমিক ২ ও ৭ দশমিক ৫ মাত্রার দুটি ভূমিকম্পে উপকূলীয় শহর লা গুয়াইরা সম্পূর্ণ ধ্বংস হয়ে গেছে। এখনও পর্যন্ত মৃতের সংখ্যা ৪ হাজার ১শো১৮। জখম হয়েছে ১৬ হাজার ৭শো ৪০ জন।

**********************************************************************

বিশ্বকাপ ফু□বলে, স্পেন সেমিফাইনালে উঠেছে। দ্বিতীয় কোয়ার্□ার ফাইনাল ম্যাচে গতরাতে, স্পেন, বেলজিয়ামকে ২-১ গোলে হারিয়ে দেয়। স্পেনের হয়ে ৩০ মিনি□ প্রথম গোল করেন ফাবিয়ান রুইজ। ৪১ মিনি□ সেই গোল শোধ করেন চার্লস দে কে□ালেয়ার। ৮৮ মিনি□ স্পেনের মিকেল মেরিনো গোল করে দলকে জয়ের রাস্তায় নিয়ে আসেন। সেমিফাইনালে স্পেন, ফ্রান্সের বিরুদ্ধে খেলবে।

এদিকে, আজ, তৃতীয় কোয়ার্□ার ফাইনালে, নরওয়ে, ইংল্যান্ডের বিরুদ্ধে খেলবে। মায়ামি স্টেডিয়ামে খেলা শুরু হবে ভারতীয় সময় রাত আড়াই□য়।

**********************************************************************